দৈনিক বাংলা

তারিখ 08 JAN 1991
পৃষ্ঠা ৪ কলাম ২

# বিসিএস সাধারণ শিক্ষা সমিতির দাবী

বিসিএস সাধারণ শিক্ষা সমিতি শিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা অধিদফতরের নিরপেক্ষতা ফিরিয়ে আনার দাবীজানিয়েছে।

সমিতির একটি প্রতিনিধি দল সোমবার শিক্ষা উপদেষ্টা প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকীর সঙ্গে দেখা করে এই দাবী জানায়। প্রতিনিধিদল শিক্ষা উপদেষ্টার কাছে একটি স্মারকলিপি পেশ করে। স্মারকলিপিতে এরশাদের নেতৃত্বাধীন বাংলাদেশ শিক্ষাক সমিতি ফেডারেশন এবং বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির চিহ্নিত সহযোগীদের অপকর্মের বিচারের দাবী জনানো হয়।